

# ঘৃণাত্মক

## মুলাদীতে শিক্ষিকার ওপর বর্বরোচিত হামলা

প্রকাশ : ১৯ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 মুলাদী (বরিশাল) প্রতিনিধি

মুলাদীতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে স্কুল শিক্ষিকার ওপর বর্বরোচিত হামলা চালিয়ে মারাত্মক আহত করেছে দুর্ভুতরা। খেসারি ডালের ক্ষেতে গরু বাঁধার প্রতিবাদ করায় শনিবার সন্ধিয়ায় উপজেলার সফিপুর ইউনিয়নের চরমালিয়া গ্রামের মোতালেব সরদারের নেতৃত্বে একদল সন্ত্রাসী দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে হামলা চালিয়ে একই এলাকার চরভেদুরিয়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জুনিয়া আক্তারকে এলোপাতাড়ি পিটিয়ে মৃত ভেবে ফেলে রেখে যায়। তিনি বিএম জাকির হোসেনের স্ত্রী। জানা গেছে, মোতালেব সরদার শনিবার বিকালে জাকির হোসেনের খেসারি ক্ষেতে গরু বেঁধে রাখে। এতে জাকিরের খেসারি নষ্ট হয়ে যায়। বিষয়টি নিয়ে জাকিরের স্ত্রী জুনিয়া প্রতিবাদ করেন। এতে ক্ষিপ্ত হয়ে মোতালেব, তার ভাই আক্তার সরদার, বাদল সরদার, আরমান সরদার, রেহানা বেগমসহ ৭-৮ জন সন্ত্রাসী সন্ধ্যা সাড়ে ৬টার দিকে জাকিরের বাড়িতে চুকে জুনিয়াকে একা পেয়ে এলোপাতাড়ি পিটিয়ে মৃত ভেবে ফেলে যায়। জুনিয়ার ডাকচিংকারের পার্শ্ববর্তী বাড়ির লোকজন ছুটে এলেও সন্ত্রাসীদের ভয়ে কেউ তাকে উদ্ধার করতে সাহস পায়নি। পরে জাকির বাড়ি ফিরে স্ত্রীকে আহত অবস্থায় উদ্ধার করে রাত নটার দিকে মুলাদী হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় বিএম জাকির হোসেন বাদী হয়ে মোতালেবের সরদারসহ ৫ জনকে আসামি করে রাতেই মুলাদী থানায় মামলা দায়ের করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।